

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ২৬১৫(আগরতলা, ১৪। ১০)

বিলৌনীয়া, ১৪ অক্টোবর, ২০ ১৮

সব অংশের মানুষদের স্বার্থে

রাজ্য সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

নিজেদের এলাকাকে নেশামুক্ত, সন্ত্রাসমুক্ত, নারী নির্যাতনমুক্ত রাখার জন্য মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বিভিন্ন ক্লাবের সদস্য-সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি আজ বিলৌনীয়া ইয়ুথ স্কোয়ার ক্লাবের দুর্গাপূজা প্যাভেলের উদ্বোধন করে বলেন সবাই মিলে সহযোগিতার হাত বাড়িয়ে দিলে সন্ত্রাসমুক্ত, নেশামুক্ত, নারী নির্যাতনমুক্ত ত্রিপুরা গড়ে তোলা সম্ভব। মুখ্যমন্ত্রী বলেন, সব অংশের মানুষদের স্বার্থেই রাজ্য সরকার কাজ করছে। বেকারদের কর্মসংস্থানের জন্য যেমন উদ্যোগ নেয়া হচ্ছে, ঠিক তেমনি রাজ্যের কৃষকদের স্বার্থে তাদের কাছ থেকে ধান কেনার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এফ সি আই এই ধান কিনবে। সেই ধান থেকে চাল তৈরি করে তা সরকারী নায্য মূল্যের দোকানের মাধ্যমে সরবরাহ করা হবে। আগামী তিন বছরের মধ্যে ত্রিপুরাকে মডেল রাজ্য হিসাবে গড়ে তোলা হবে বলে মুখ্যমন্ত্রী দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক, দক্ষিণ জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন প্রমুখ। মুখ্যমন্ত্রী এরপর রামকৃষ্ণ আশ্রম, ওরিয়েন্টাল ক্লাব এবং ইয়ুথ ক্লাবের পূজা মন্ডপের উদ্বোধন করেন।

বিলৌনীয়ার পর মুখ্যমন্ত্রী সোনামুড়ার ব্লাড ড্রপ ক্লাবের পূজা মন্ডপের উদ্বোধন করেন। সেখানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, মানুষ শারদীয়ের আনন্দে মেতে ওঠেছেন। চারদিকে এখন খুশীর হাওয়া। গতবারের চাইতে রাজ্যে এবার পূজোর সংখ্যা বেড়েছে। এই আনন্দে যাতে কোন ব্যাঘাত না ঘটে সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি বলেন, রাজ্যের নতুন সরকার রাজ্যকে নেশামুক্ত করার যে উদ্যোগ নিয়েছে তাতে ব্যাঘাত ঘটানোর জন্য একটি অংশ চেষ্টা চালাচ্ছে। এ বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে।

অনুষ্ঠানে বিধায়ক সুভাষ চন্দ্র দাস, সিপাহীজলা জেলার জেলাশাসক ও পুলিশ সুপার অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*